# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৪৩

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ উজ্জ্বল রাতের তিনটি সিয়ামের বদৌলতে মহান আল্লাহ অনুগ্রহ করে সারা বছর সিয়াম রাখার সাওয়াব লিখে দেন

ذِكْرُ تَفَضُّلِ اللَّهِ بِكِتْبَةِ صَائِمِي الْبِيضِ لَهُمْ أَجْرُ صَوْمِ الدَّهْرِ

আরবী

3643 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنِي أَنَسُ بْنُ سِيرِينَ سَمِعْتُ عَبْدَ الْمَلِكِ بْنَ الْمِنْهَالِ عَنْ أَبِيهِ أَنَّهُ كَانَ مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم فقال: كان النبي يَأْمُرُهُمْ بِصِيَامِ الْبِيضِ وَيَقُولُ: (هِيَ صِيَامُ الدَّهْرِ)

الراوي : الْمِنْهَال | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3643 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2115/ 2).

قَالَ أَبُو حَاتِمٍ: الْمِنْهَالُ هُوَ ابْنُ مِلْحَانَ الْقَيْسِيُّ لَهُ صُحْبَةٌ وَلَيْسَ فِي الصَّحَابَةِ مِنْهَالٌ غيره.

বাংলা

৩৬৪৩. মিনহাল রাদ্বিয়াল্লাহু আনহু বর্ণিত, তিনি বলেন যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ছিলেন। তিনি বলেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে শুভ্র রজনীর দিনগুলোর সিয়াম রাখার নির্দেশ দিতেন। এবং তিনি বলতেন, “এটি সারা বছর সিয়াম (রাখার সমতুল্য)।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “মিনহাল হলেন মিলহানের ছেলে। তিনি সাহাবী ছিলেন। সাহাবীদের মাঝে তিনি ছাড়া মিনহাল নামে আর কেউ ছিলেন না।”

ফুটনোট

[1] আত তায়ালিসী: ১২২৫; মুসনাদ আহমাদ: ৫/২৮; নাসাঈ: ৪/২২৪; ইবনু মাজাহ: ১৭০৭; তাবারানী: ১৯/২৮; আবূ দাঊদ: ২৪৪৯; সুনান বাইহাকী: ৪/২৯৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২/২১১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মিনহাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92979

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন